# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/১০৬৭(১২০০)

তারিখঃ ২৭/১০/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০.০০ (পাঁচ হাজার ) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় (বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩/০৪/২০২০) অতিরিক্ত বরাদ্ধ প্রাপ্তিতে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর ১৩/০৪/২০২০ তারিখের এসিডি সার্কুলার নং -০১ এবং তৎপ্রেক্ষিতে উক্ত বিভাগের ০৩/০৫/২০২০ তারিখের ১৫১৬ নং পত্রের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ১১৯৯.০০ কোটি টাকা অত্র বিভাগের বিগত ১০/০৫/২০২০ তারিখের ১১৩৫(১২৫০) নম্বর পত্রের মাধ্যমে লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়। সর্বশেষ, ২০/১০/২০২০ তারিখে সার্বিক অর্জন ও বাস্তবতার প্রেক্ষিতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃবন্টন করা হয়। ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর ২২/১০/২০২০ তারিখের ৫৪২১ নং পত্রের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ১১৯৯.০০ কোটি টাকার সাথে অতিরিক্ত আরও ৫০০.০০ (পাঁচশত) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে নির্ধারিত সময়ে এসিডি সার্কুলার নং- ০১ এর আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে এসিডি সার্কুলার নং- ০১ এর আওতায় লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে পুনঃবন্টন করা হলোঃ

এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা ঃ (কোটি টাকায়)

| ক্রম নং | বিভাগের নাম | ৩১/১২/২০১৯ তারিখে উক্ত খাতে ঋণ স্থিতি | ঋণ বিতরণের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা (১১৯৯.০০ কোটি টাকার বিপরীতে) | লক্ষ্যমাত্রা (৫০০.০০ কোটি টাকার বিপরীতে) | মোট লক্ষ্যমাত্রা (১৬৯৯.০০ কোটি টাকার বিপরীতে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ৮৭৮.৫১ | ২১৫.০০ | ৯০.০০ | ৩০৫.০০ | ৩১/১২/২০২০ এর মধ্যে ঋণ বিতরণ যোগ্য |
| ০২ | ময়মনসিংহ | ১০৪২.২৯ | ২৫০.০০ | ১০৩.০০ | ৩৫৩.০০ | |
| ০৩ | চট্টগ্রাম | ২৭৬.৬৪ | ৬৬.০০ | ২৮.০০ | ৯৪.০০ | |
| ০৪ | খুলনা | ৯০৯.৮১ | ২৩০.০০ | ৯৬.০০ | ৩২৬.০০ | |
| ০৫ | বরিশাল | ৩৯১.৩৭ | ১০৫.০০ | ৪৪.০০ | ১৪৯.০০ | |
| ০৬ | সিলেট | ১৮৫.১৩ | ৫০.০০ | ২১.০০ | ৭১.০০ | |
| ০৭ | কুমিল্লা | ৩৬৮.৬৮ | ১০০.০০ | ৪২.০০ | ১৪২.০০ | |
| ০৮ | ফরিদপুর | ২৫৬.২৪ | ৮০.০০ | ৩৩.০০ | ১১৩.০০ | |
| ০৯ | কুষ্টিয়া | ৩২৯.২৮ | ১০২.০০ | ৪৩.০০ | ১৪৫.০০ | |
| ১০ | এলপিও | ৩৫৬.২৭ | ১.০০ | ০ | ১.০০ | |
| | সর্বমোটঃ | ৪৯৯৪.২২ | ১১৯৯.০০ | ৫০০.০০ | ১৬৯৯.০০ | |

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/ কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহে ০৩ (তিন)টি কর্মদিবসের মধ্যে পুনঃবন্টন করবেন এবং একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগন শাখাসমূহের মধ্যে পুনঃবন্টন করবেন। এছাড়া নিজ নিজ বিভাগাধীন ও অঞ্চলসমূহ স্ব স্ব অঞ্চল ও শাখাসমূহকে নির্ধারিত সীমার মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃবিন্যাস করতে পারবেন। এভাবে বিতরণের লক্ষ্যমাত্রা আগামী ০১/১১/২০২০ তারিখের মধ্যে পুনঃবন্টন করে তার তথ্য অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-০২

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০.০০ (পাঁচ হাজার ) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় (বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩/০৪/২০২০) অতিরিক্ত বরাদ্ধ প্রাপ্তিতে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

০৩। নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দ্যেশ্যে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের (বিকেবি'র অনুকুলে বরাদ্দকৃত ১৬৯৯.০০ কোটি টাকা) এর আওতায় এসিডি সার্কুলার নং-০১/২০২০ এ বর্ণিত শস্য ও ফসল খাত ব্যতীত কৃষির অন্যান্য চলতি মূলধন নির্ভরশীল খাতসমূহ ( যথাঃ হর্টিকালচার অর্থাৎ মৌসুম ভিত্তিক ফুল ও ফল চাষ, মৎস্য চাষ, পোল্ট্রি, ডেইরি ও প্রাণী সম্পদ খাত) এ আগামী ৩১/১২/২০২০ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার ১০০% অর্জণ নিশ্চিত করতে হবে।

০৪। এমতাবস্থায়, এসিডি সার্কুলার নং- ০১ তারিখ ১৩/০৪/২০২০, অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং- ১১১৯ তারিখ ২৭/০৪/২০২০, সার্কুলার লেটার নং- ১১৩৫ তারিখ ১০/০৫/২০২০, সার্কুলার লেটার নং- ১২৩৯ তারিখ ০৭/০৬/২০২০ ও সার্কুলার লেটার নং-৬৫৫ তারিখ ১৩/০৯/২০২০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা সময় ভিত্তিক শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

27/10/2020

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/১০৬৭(১২০০) তারিখঃ ২৭/১০/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯। নথি/মহানথি।

27/10/2020

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক